JAN. 1[illegible] 2001

পৃঃ ৬ ২

## নতুন পাঠ্যবইয়ের অভাব

# মুন্সিগঞ্জের ১১০টি মাধ্যমিক স্কুলের ১ লাখ শিক্ষার্থীর লেখাপড়া বন্ধ

মুন্সিগঞ্জ থেকে মইনউদ্দিন মনু ঃ মুন্সিগঞ্জ জেলায় বইয়ের অভাবে ১১০টি মাধ্যমিক স্কুলের প্রায় ১ লাখ ছাত্রছাত্রীর লেখাপড়া বন্ধ হয়ে আছে। ছাত্রছাত্রীরা প্রতিদিন নতুন বইয়ের খোঁজ নিতে স্কুলে গিয়ে শিক্ষকদের কাছ থেকে কোন রকম আশ্বাস না পেয়ে হতাশ হয়ে ফিরে আসছে।

জেলার কিছুসংখ্যক স্কুলে শিক্ষকরা ২/১টি ক্লাস নিয়ে ছাত্রদের পড়াশোনার প্রতি আগ্রহ ধরে রাখার চেষ্টা করলেও ছাত্রছাত্রীরা তাতে সন্তুষ্ট হতে পারছে না।

সরকার শিক্ষা কারিকুলাম পরিবর্তন করার ফলে ৬ষ্ঠ শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত ৭৭টি বইয়ের পরিবর্তন করা হয়েছে; কিন্তু আজ পর্যন্ত বই বাজারে আসেনি। ফলে শিক্ষকরা পর্যন্ত বিভ্রান্ত হচ্ছেন।

মুন্সিগঞ্জের রনছ হাইস্কুলের শিক্ষক মাহবুবুর রহমান বলেন, শিক্ষা মন্ত্রণালয় থেকে যদি ঘোষণা দিত পাঠ্যসূচির কি ধরনের পরিবর্তন আনা হয়েছে, তাহলে সে অনুযায়ী আমরা নিজেদের ধারণা মতো ক্লাস নিয়ে ছাত্রছাত্রীদের পড়াশোনার আগ্রহ ধরে রাখতে পারতাম; কিন্তু আমাদের কোন ধারণা দেয়া হচ্ছে না বা পত্রপত্রিকাতেও এ ব্যাপারে কিছু লেখা হচ্ছে না।

জেলায় মাধ্যমিক স্কুলের সংখ্যা ১১০। এর মধ্যে এমপিওভুক্ত স্কুলের সংখ্যা ৯৬টি।

এদিকে টঙ্গিবাড়ি উপজেলা প্রাথমিক শিক্ষা কার্যালয় সূত্রে জানা গেছে, প্রথম শ্রেণীর বই ও তৃতীয় শ্রেণীর গণিত ছাড়া কোন বই পাওয়া যায়নি। ফলে প্রাথমিক স্কুলগুলোতে শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। প্রাথমিক বিদ্যালয়ের ছাত্ররা নতুন বই না পেলে পড়তে চায় না বলে একজন অভিভাবক মন্তব্য করেন।